

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৫৭

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ২, তৃতীয় অনুচ্ছেদ - ক্ষমা ও তাওবাহ্

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ: «اللَّهُمَّ اجْعَلْنِي مِنَ الَّذِينَ إِذَا أَحْسَنُوا استبشروا وإِذَا أَسَاؤُوا اسْتَغْفَرُوا» . رَوَاهُ ابْنُ مَاجَهُ وَالْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِير

বাংলা

২৩৫৭-[৩৫] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলতেন, হে আল্লাহ! আমাকে তাদের অন্তর্ভুক্ত করো যারা ভাল কাজ করে খুশী হয় ও মন্দ কাজ করে ক্ষমা চায়। (ইবনু মাজাহ, বায়হাকী- দা'ওয়াতুল কাবীর)[1]

ফুটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ ৩৮২০, আহমাদ ২৪৯৮০, আদ্ দা'ওয়াতুল কাবীর ২১১, শু'আবূল ঈমান ৬৫৯৬, য'ঈফ আল জামি' ১১৬৮। কারণ এর সানাদে 'আলী ইবনু যায়দ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

व्याখ्या: (ٱللَّهُمَّ اجْعَلْنِيْ مِنَ الَّذِينَ إِذَا أَحْسَنُوْا) अर्था९- ভान विদ्या অर्জन करत ও ভान 'আমन करत।

(اِسْتَبْشَرُوْ١) অর্থাৎ- ভাল বিদ্যা ও ভাল 'আমলের তাওফীক পেয়ে তারা আনন্দিত হয়।

वोज्ञार तलन, اوْمُرَدُّ فَلِيْنُلِكَ فَلْيَفْرَدُواْ

অর্থাৎ- "(হে নাবী!) বলুন, তারা যেন আল্লাহর রহমাতে তথা কুরআন ও তার অনুগ্রহের প্রতি আনন্দিত হয়।" (সূরা ইউনুস ১০ : ৫৮)



(اَسْتَغْفَرُوْا) আর বিদ্যা ও 'আমলে যখন ঘাটতি করে, অর্থাৎ- মন্দ বিদ্যা অর্জন ও মন্দ কাজ করে। (اِسْتَغْفَرُوْا) বাহ্যিকভাবে বিপরীতে যা বলা দরকার তা হল, (واذا الساؤا حزنوا) অর্থাৎ- যখন তারা মন্দ কর্ম করে চিন্তিত হয়। তা না বলে এ ধরনের বলার কারণ মূলত ঐ দিকে ইঙ্গিত করার জন্য যে, শুধুমাত্র চিন্তিত হওয়া কোন উপকারে আসে না। চিন্তা কেবল তখনই উপকারে আসে যখন পাপী ঐ পাপ হতে ক্ষমা প্রার্থনা করে যা গুনাহের উপর স্থায়ী হওয়াকে দূরীভূত করে। এভাবে মিরকাতে আছে।

(وَإِذَا أَسَاقُوْا اِسْتَغْفَرُوْا) অর্থাৎ- তাদেরকে ধীরে পীরে পাকড়াওয়ের মাধ্যমে কন্ট দিবেন না। পক্ষান্তরে যারা নিজেদের মন্দ কর্মকে ভাল মনে করে তারা এক সময় ধ্বংস হয়ে যায়। যেমন আল্লাহ বলেন, أُفَمَنْ زُيِّنَ لَهُ سُوْءُ وَاللهَ يُضِلُّ مَنْ يَّشَاءُ আَاللهَ يُضِلُّ مَنْ يَّشَاءُ مَا اللهَ يُضِلُ مَنْ يَّشَاءُ مَا اللهَ يُضِلُّ مَنْ يَّشَاءُ مَا اللهَ يُضِلُ مَنْ يَشَاءُ مَا اللهَ يَضِلُ مَنْ يَشَاءُ مَا اللهَ يُضِلُ مَنْ يَشَاءُ اللهَ يَضِلُ مَا اللهَ يَضِلُ مَنْ يَشَاءُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ يَصِلُ مَا اللهُ اللهُ

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনটি করতেন জাতিকে শিক্ষা দেয়ার্থে এবং ক্ষমা প্রার্থনা করার আবশ্যকীয়তার দিকে দিক নির্দেশনা দেয়ার্থে। অন্যথায় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকল উত্তম ব্যক্তিদের অপেক্ষাও শ্রেষ্ঠ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন